# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
## BANGLADESH WATER DEVELOPMENT BOARD

অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এর দপ্তর
পানি ভবন(লেভেল-৯),ব্লক-A,কক্ষ নং-৯০১
৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫
ফোন ঃ +৮৮ ০২২২২২৩০০৩০
Email-adg.fin209@gmail.com
ওয়েব সাইট-www.bwdb.gov.bd

**Office Of The**
**Additional Director General (Finance)**
Pani Bhaban,(Level-9) Block-A, Room no-901
72 Green Road,Dhaka-1205
Phone-+88 02222230030
Email-adg.fin209@gmail.com
website:www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০২২.২৫.৫০৩.২২- ২৫৩০ তারিখঃ ২৫-০৪-২০২৪খ্রিঃ

## দপ্তরাদেশ

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাবিলসহ সকল বিল MSGP (Microsoft Great Plain) সফটওয়্যারের মাধ্যমে পরিশোধ করা হতো। সরকারী নির্দেশনা অনুযায়ী নভেম্বর/২০২৩ মাস থেকে কেন্দ্রীয় র‍্যাক এবং জানুয়ারী/২০২৪ মাস থেকে সকল র‍্যাক দপ্তরের বেতনভাতাদিসহ অন্যান্য বিল iBAS++ এর মাধ্যমে পরিশোধ করা হচ্ছে। বর্তমানে iBAS++ এবং MSGP (Dynamics) এর মাধ্যমে যুগপৎভাবে বিল পরিশোধ করা হচ্ছে। এমতাবস্থায় বোর্ডের ২০২৩-২০২৪ অর্থবছরের হিসাব দাখিল সংক্রান্ত বিষয়ে এবং বোর্ডে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জিপিএফ তথ্য হালনাগাদ এর ক্ষেত্রে জটিলতা সৃষ্টি হচ্ছে। উক্ত জটিলতা নিরসনকল্পে বোর্ডের হিসাব প্রণয়ন এবং জিপিএফ এর তথ্য হালনাগাদ করণের বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণের পদক্ষেপসমূহ উল্লেখপূর্বক বিস্তারিত প্রতিবেদন প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত সদস্যের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হল।

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | দপ্তর | কমিটি-তে পদ |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ হেমায়েতুল ইসলাম, এফসিএমএ, নিয়ন্ত্রক (অহিনি) | নিয়ন্ত্রক (অহিনি) এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ০২ | জনাব মোঃ মেহেদী হাসান, অতিরিক্ত পরিচালক (অহিনি) | হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য-সচিব |
| ০৩ | জনাব মোঃ আনোয়ার হোসেন বিশ্বাস, সহকারী পরিচালক (অহিনি) | ঢাকা র‍্যাক, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ০৪ | কে, এম, তারিকুল আলম, সহকারী পরিচালক (অহিনি) | নিয়ন্ত্রক (অহিনি) এর দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |

**কমিটির কার্য পরিধিঃ-**

১। ২০২৩-২০২৪ অর্থবছরে MSGP (Dynamics) এবং iBAS++ এর মাধ্যমে যুগপৎভাবে বেতন-ভাতাসহ যে সকল বিল পরিশোধিত হয়েছে এবং হচ্ছে এতদ্ সংক্রান্ত বিষয়ে সরকারের বিধি-বিধানের আলোকে হিসাব প্রণয়ন এবং সংরক্ষণের বিষয়ে ধারাবাহিকভাবে বিস্তারিত প্রতিবেদন প্রদান।

২। বোর্ডে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা হইতে কর্তনকৃত জিপিএফ এর অর্থের হিসাব সংরক্ষণ এবং স্ব স্ব কর্মকর্তা-কর্মচারীর পূর্ববর্তী স্থিতির সমন্বয় সাধনের মাধ্যমে হালনাগাদ করার বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রদান।

৩। ক্রমিক নং ১ ও ২-এ বর্ণিত যুগপৎভাবে হিসাব প্রনয়ণ ও সংরক্ষণের বিষয়ে (iBAS++ এ পরিশোধিত বিলের হিসাব প্রণয়নের প্রয়োজনীয়তা থাকলে) প্রয়োজনবোধে পানি সম্পদ মন্ত্রনালয়ের CAFO এর মতামত গ্রহণের মাধ্যমে প্রতিবেদন প্রনয়ণ।

৪। হিসাব প্রণয়ন ও সংরক্ষনের বিষয়ে সরকারী আর্থিক বিধিবিধানের বিষয়টি বিবেচ্য হবে।

উক্ত কমিটি আগামী ১৫(পনের) কর্মদিবসে একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন বোর্ডের অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) বরাবর দাখিল করবেন।

এ আদেশ অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) মহোদয়ের অনুমোদনক্রমে জারি করা হয়েছে।

২৫/০৪/২০২৪
(নুসরাত জাহান জিতু)
সহকারী পরিচালক (অহিনি)
অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।

স্মারক নং-৪২.০১.০০০০.০২২.২৫.৫০৩.২২- ২৫৩০ তারিখঃ ২৫-০৪-২০২৪খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জনাব মোঃ হেমায়েতুল ইসলাম, এফসিএমএ, নিয়ন্ত্রক (অহিনি), বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ মেহেদী হাসান, অতিরিক্ত পরিচালক (অহিনি), হিসাব রক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মোঃ আনোয়ার হোসেন বিশ্বাস, সহকারী পরিচালক (অহিনি), ঢাকা র‍্যাক, বাপাউবো, ঢাকা।
৪। পরিচালক, অর্থ/হিসাব/অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেমস এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বাপাউবো ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৬। উপ-পরিচালক/সহকারী পরিচালক, ......................., আঞ্চলিক হিসাবা কেন্দ্র, বাপাউবো,.........................।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাপাউবো, ঢাকা।
৮। অফিস কপি।

২৫/০৪/২০২৪
(নুসরাত জাহান জিতু)
সহকারী পরিচালক (অহিনি)
অতিরিক্ত মহাপরিচালক (অর্থ) এর দপ্তর
বাপাউবো, ঢাকা।